দর্শনায় বিভিন্ন সংগঠন থেকে ৫০ জনের জামায়াতে ইসলামীতে যোগদান

দর্শনার নেহালপুর, কুড়ালগাছি, প্রতাপপুর, আমডাঙ্গা ১নং ওয়ার্ডে ও নেহালপুর ইউনিয়নে পথসভায় এ যোগদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা-২ আসনের ১১দলীয় জোটের এমপি প্রার্থী জনাব মোঃ রুহুল আমিন।

তিনি বলেন, দেশের তরুণ সমাজই ভবিষ্যৎ শক্তি। কিন্তু সঠিক দিকনির্দেশনা, প্রশিক্ষণ ও ন্যায়ভিত্তিক সুযোগের অভাবে বহু শিক্ষিত যুবক আজ বেকার। জামায়াতে ইসলামী ক্ষমতায় এলে কারিগরি, আইটি, শিল্প ও উদ্যোক্তা খাতে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করে যুবকদের দক্ষ করে তোলা হবে।

তিনি আরও বলেন, চাকরি দেওয়ার ক্ষেত্রে ঘুষ, তদবির ও রাজনৈতিক পরিচয়ের সংস্কৃতি বন্ধ করে সম্পূর্ণ মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ দেওয়া হবে। এতে করে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

এদিকে নেহালপুরে পথসভায় অনুষ্ঠান পরে বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক সংগঠন থেকে ৫০জন জামায়াতে ইসলামীতে যোগদান করছেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের নির্বাচন পরিচালক মাওলানা আজিজুর রহমান, জেলা সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, সাবেক অ্যাটর্নি জেনারেল এডভোকেট শাহজাহান কবির, শরীক দলের মধ্যে উপস্থিত ছিলেন, এবি পার্টির জেলা সভাপতি মোঃ আলমগীর হোসেন, এনসিপি’র আহ্বায়ক খাজা আমিরুল বাশার বিপ্লব। এছাড়াও কুলগাছি ইউনিয়নের সাদিকুল সহ অসংখ্য নেতাকর্মীরা এসময় উপস্থিত ছিলেন।

অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার সাংবাদিকদের জন্য প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) কর্তৃক ‘নির্বাচনকালীন সাংবাদিকতা’ বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

প্রশিক্ষণের উদ্বোধন হয় গত বুধবার সকালে চুয়াডাঙ্গা সার্কিট হাউস অডিটরিয়ামে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, প্রশিক্ষণ কো-অর্ডিনেটর সাহানোয়ার সাইদ শাহীন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন।

বিশেষ অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শাহ আলম সনি, বাংলাদেশ সাংবাদিক সমিতির চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি অ্যাডভোকেট রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক হুসাইন মালিক, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম ও সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

প্রশিক্ষণে চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন গণমাধ্যমে কর্মরত প্রায় ৫০ জন সাংবাদিক অংশগ্রহণ করেন। উদ্বোধনী দিনে ইউল্যাবের শিক্ষক ও সাংবাদিক নাজিয়া আফরিন মনামী নির্বাচনী সাংবাদিকতার বিভিন্ন দিক তুলে ধরেন। আলোচনার মধ্যে ছিল নির্বাচনকালীন আচরণবিধি, সংবাদ সংগ্রহে নিরাপত্তা, ভুয়া তথ্য ও গুজব প্রতিরোধ, রাজনৈতিক দলের সমান গুরুত্ব প্রদান এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে দায়বদ্ধ প্রতিবেদন প্রণয়নের বিষয়।

কর্মশালার দ্বিতীয় দিনে অর্থাৎ সমাপনী অধিবেশনে প্রশিক্ষক ছিলেন, ঢাকা মেইলের নির্বাহী সম্পাদক হারুন জামিল।

প্রশিক্ষণ প্রদানকালে তিনি বলেন, বর্তমান সময়ে তথ্যপ্রযুক্তির কারণে গুজব দ্রুত ছড়ায়। জনগণ সত্য জানতে গণমাধ্যমের দিকে তাকায়। এই আস্থার মর্যাদা রক্ষার জন্য সাংবাদিকদের প্রতিটি সংবাদ যথাযথভাবে যাচাই-বাছাই করা জরুরি। বিশেষ করে নির্বাচনকালীন সময়ে ভুল সংবাদ বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে। তাই নিরপেক্ষ ও

বস্তুনিষ্ঠ সাংবাদিকতা চর্চা করতে হবে।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বলেন, আমরা একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে চাই। ভোটাররা উৎসবমুখর পরিবেশে ভোট দিবেন এবং অনিয়ম বা জাল ভোটের ক্ষেত্রে প্রশাসন জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে।

জেলা প্রশাসক আরও বলেন, চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন আরও বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। তারা দায়িত্বশীল ও নিরপেক্ষ সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশবাসীর কাছে সঠিক তথ্য পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

দুই দিনের প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী সাংবাদিকদের হাতে পিআইবি’র পক্ষ থেকে সনদপত্র প্রদান করা হয়।

আলমডাঙ্গায় শরিফুজ্জামান শরিফের নির্বাচনী প্রচারণায় মানুষের ঢল

আলমডাঙ্গার ভাংবাড়ীয়া ইউনিয়নের হাটবোয়ালিয়া হাটুভাঙ্গা আমতৈলপাড়া ২ নং ওয়ার্ড বিএনপি এলাকায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর উদ্যোগে ধানের শীষ প্রতীকের এক বিশাল র্যালি ও গনমিছিল অনুষ্ঠিত হয়েছে। র্যালিটি হাঁটুভাঙ্গা ব্রীজ পাড়া এলাকা থেকে শুরু হয়ে হাটবোয়ালিয়া বাজারসহ আশপাশের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

র্যালি চলাকালে পুরো এলাকা ধানের শীষ প্রতীকের স্লোগানে মুখরিত হয়ে ওঠে। স্লোগানের মাধ্যমে তারা আগামী জাতীয় সংসদ নির্বাচনে ধানের শীষ প্রতীককে বিজয়ী করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

বিএনপিকে বিজয়ী করার মধ্য দিয়েই এই অঞ্চলে উন্নয়ন ও গণতন্ত্রের নতুন দিগন্ত উন্মোচিত হবে।

র্যালিতে বিএনপি’র অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের পাশাপাশি কৃষক, শ্রমিক, ব্যবসায়ী, যুবক ও বয়স্কসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

নারী ভোটারদের উপস্থিতিও ছিল চোখে পড়ার মতো। পুরো আয়োজন শান্তিপূর্ণ ও শৃঙ্খলাপূর্ণভাবে সম্পন্ন হয়।

স্থানীয় নেতাকর্মীরা বলেন, এই গণজোয়ার র্যালির মাধ্যমে ধানের শীষ প্রতীকের পক্ষে গণসংযোগ আরও জোরদার হলো।

তারা আশা প্রকাশ করেন, জনগণের এই অভূতপূর্ব সাড়া আগামী দিনে নির্বাচনী মাঠে বড় প্রভাব ফেলবে।

দামুড়হুদায় গাছে গাছে শোভা পাচ্ছে আমের সোনালি মুকুল

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় বসন্তের আগমনের সঙ্গে সঙ্গে আমগাছগুলোতে দেখা মিলছে প্রচুর আমের মুকুল। মুকুলের মৌ মৌ গন্ধে মুখরিত হয়ে উঠেছে দামুড়হুদা উপজেলার গ্রাম-গঞ্জ। মুকুল থেকে মৌমাছির মধু সংগ্রহের উৎসবে যেন মেতে উঠেছে প্রকৃতি।

উপজেলার সদরসহ সকল গ্রামের আমগাছগুলো এখন মুকুলে ভরপুর। গাছে গাছে উঁকি দিচ্ছে আমের সোনালি মুকুল। বাতাসে ভেসে বেড়াচ্ছে মুকুলের মিষ্টি সুবাস। মুকুল যেন নষ্ট না হয়, সে জন্য ইতোমধ্যে বাগান মালিকরা ব্যস্ত সময় পার করছেন বাগান পরিচর্যায়।

চারদিকে শোনা যাচ্ছে কোকিলের মিষ্টি কুহু কুহু ডাক আর মৌমাছির গুনগুন শব্দ। মুকুলের মিষ্টি ঘ্রাণ যেন জাদুর মতো কাছে টানছে ভ্রমরদের। গাছের প্রতিটি শাখা-প্রশাখায় চলছে ভ্রমরের সুরের ব্যঞ্জনা। বসন্তের স্নিগ্ধ আবহে শোভা ছড়াচ্ছে স্বর্ণালি মুকুল।

উপজেলার বিভিন্ন গ্রাম ঘুরে দেখা গেছে, বাগানসহ অনেক বাড়ির উঠানেও আমগাছে শোভা পাচ্ছে মুকুল। বাতাসে মুকুলের সুবাসিত পাগল করা ঘ্রাণ। গাছের আমপাতার সবুজ বিছানায় মুকুলের সোনালি রেণু যেন ফাগুনকে ফুলশয্যায় সাজিয়ে তুলেছে। এর সঙ্গে সঙ্গে বিদায় নিচ্ছে শীতকাল।

তবে আমের ফলন অনেকটাই আবহাওয়ার ওপর নির্ভরশীল। আবহাওয়া অনুকূলে থাকলে চলতি বছর আমের ফলন ভালো হবে বলে আশা করছেন আমচাষিরা। বাগান মালিকরা জানান, আগাম মুকুল দেখে তারা অনেক খুশি। এই মুকুল টিকে থাকলে এবার বাম্পার ফলন পাওয়া যাবে। তবে ঘন কুয়াশা পড়লে মুকুল পচে নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

দামুড়হুদার জয়রামপুর মল্লিকপাড়ার আম ব্যবসায়ী কাওছার আলী বলেন, “গত বছর ১২ বিঘা জমিতে আমার আম বাগান ছিল। ঝড়ের কারণে ব্যাপক ক্ষতি হয়েছিল, এতে আমি বড় অঙ্কের লোকসানে পড়ি। এ বছর সেই ক্ষতি পুষিয়ে নিতে ৬ দাগে মোট ১৭ বিঘা জমিতে আম বাগান নিয়েছি। বর্তমানে আমগাছে যেন কোনো পোকার আক্রমণ না হয় বা মুকুল নষ্ট না হয়, সে জন্য নিয়মিত ওষুধ প্রয়োগ করে পরিচর্যা করছি। মুকুলের পরিমাণ মোটামুটি ভালো আছে। আবহাওয়া অনুকূলে থাকলে এ বছর গত বছরের ক্ষতি পুষিয়ে লাভবান হতে পারব।”

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার জানান, “আমরা সব সময় আমচাষিদের বিভিন্ন ধরনের পরামর্শ দিয়ে সহযোগিতা করে আসছি। প্রয়োজনে সব সময় তাদের পাশে আছি। চলতি বছর উপজেলায় ৭৯৫ হেক্টর জমিতে আম চাষ হয়েছে।”

আলমডাঙ্গায় ব্যাবসায়ীদের সাথে নির্বাচনী মতবিনিময় সভায় এ্যাড. রাসেল

আলমডাঙ্গা বিজনেস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে ব্যাবসায়িদের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল রাত ৮ টার সময় আলমডাঙ্গা জেস টাওয়ারের হলরুমে বিজনেস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সভাপতি মোঃ বিল্লাল হুসেইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের এমপি প্রার্থী এ্যাড. মাসুদ পারভেজ রাসেল। ব্যাবসায়িদের কথা আমি শুনেছি, আপনাদের সকলের দাবী নিরাপত্তা, আমি কথা দিচ্ছি যদি আপনাদের ভোটে নির্বাচিত হই তাহলে ব্যাবসার পরিবেশ ফিরে আসবে ইনশাআল্লাহ।

আমি আলমডাঙ্গার সন্তান,আপনাদের সকলের কথা অনুযায়ী চাঁদাবাজি করতে দেব না। আপনারা সকলে স্বাধীনভাবে ব্যাবসা করবেন আমি কথা দিচ্ছি, সকল মানুষ স্বস্তিতে থাকবেন এটাও আমার ওয়াদা, আলমডাঙ্গার সকল ব্যাবসায়ি সমিতির পক্ষ থেকে বক্তব্য রাখেন, আলমডাঙ্গা বনিক সমিতির সাধারন সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উপদেষ্টা উপজেলা জামায়াতের আমির শফিউল আলম বকুল, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কর্মকর্তা বেসিক ব্যাংকের পরিচালক ড. আবু সালেহ মোস্তাফা কামাল, সাবেক চেয়ারম্যান জামায়াত নেতা দারুস সালাম, জামায়ত নেতা নুর মোহাম্মদ হুসাইন টিপু, সার ব্যাবসায়ি সমিতির সাধারণ সম্পাদক আলহাজ্ব হারুনার রশিদ, জুয়েলারি সমিতির সভাপতি দিলিপ কুমার চৌধুরী, বনিক সমিতির সদস্য কাচলাম ব্যাবসায়ি তোতা মিয়া, হাজী আব্দুল খালেক, হ্যামলেট ক্যাফের স্বত্বাধিকারী মুসাব আলী, ডেন্টিস্ট সজিব, হাজী মোঃ রফিকুল ইসলাম, মোঃ তোফাজ্জেল হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন, জাকির হোসেন, মো: জাহাঙ্গীর হোসেন, মোঃ আকতার আশরাফ তুষার, দেলোয়ার হোসেন, শেখ শহিদুল ইসলাম দুলু, মনিরুল ইসলাম, সাইফুল ইসলাম শিবলী, আশরাফুল হক লুলু, দুলু মিয়া, শেখ রোকনোজ্জামান রোকন, আমানুল্লাহ আমান

মো: আকুল, মো: মাসুম, বাবলু, রনি, আব্দুল জলিল, ইমরুল কায়েস, সাইদুর রহমান বকুল, আব্দুল মজিদ, অমল কুমার অধিকারী আকবর হোসেন আকু, ফরজ আলি, তরিকুল ইসলাম সুমন, জোসেফ, ফিরোজ, মিজানুর রহমান, আব্দুল লতিফ লালটু প্রমুখ।

আলমডাঙ্গায় জমিজমা সংক্রান্ত বিবাদে হাতুড়িপিটিয়ে জখম

আলমডাঙ্গার হাউসপুর গ্রামে জমিজমা সংক্রান্ত বিবাদে জমির মাপজোখের সময় হাতুড়ি দিয়ে পিটিয়ে জখম করলো প্রতিপক্ষরা।

জানা গেছে, আলমডাঙ্গা হাউসপুর গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল কাদের শিলু ও ভাই জিকুর সাথে একই গ্রামের নিকবার আলির ছেলে জাহিদুল ইসলাম, শহিদুল ইসলাম ডুবুরি, ওহিদুল ইসলামের জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলমান। আহত শিলুর বড় ভাই জিকু তার জমির অংশ থেকে নিকবার আলির ছেলেদের কাছে জমি বিক্রয় করে এবং জিকুর দেখানো জমির অংশে নিকবার আলির ছেলেরা দুইতলা বিশিষ্ট ঘর নির্মাণ করেছে।

আব্দুল কাদের শিলুর অভিযোগ হলো ৫ শতক ক্রয়কৃত জমির অংশে বাড়ি তৈরি করেনি বরং ১৩ শতক জমি দখল করে তারা বসতবাড়ি তৈরি করেছে।

এবিষয় নিয়ে আলমডাঙ্গা থানা থেকে শুরু করে স্থানীয় নেতৃবৃন্দর মাধ্যমে বহুবার বিচার শালিসের মাধ্যমে এই সমস্যা সমাধান করার চেষ্টা হয়েছে বলে এলাকাবাসী জানিয়েছেন।

গতকাল সকাল ১০ টার সময় যৌথ বাহিনীর আদেশ মোতাবেক দুইজন আমিন সাথে নিয়ে শিলু ও তার লোকজন জমি মাপজোখ করতে যায়। এই সময় নিকবার আলির তিন ছেলে শিলুকে হাতুড়ি দিয়ে পিটিয়ে মাথায় জখম করে।

স্থানীয় লোকজন শিলুকে উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করে। হসপিটাল ও শিলুর পরিবার সুত্রে জানা গেছে, আহত শিলুর মাথায় জখম স্থানে ৭টি সেলাই দিয়ে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে।

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার

সাংবাদিকদের নিয়ে দুইদিনব্যাপী নির্বাচনকালীন প্রশিক্ষণ

আসন্ন ত্রয়োদশ নির্বাচনে রিপোর্টিং বিষয়ে চুয়াডাঙ্গায় দুইদিনব্যাপী নির্বাচনকালীন সাংবাদিকতা বিষয়ক প্রশিক্ষণ শুরু হয়েছে। এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার অর্ধশতাধিক সাংবাদিক।

গতকাল বুধবার সকাল সাড়ে দশটায় চুয়াডাঙ্গা সার্কিট হাউস সম্মেলন কক্ষে (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়) প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এর পক্ষ থেকে এই প্রশিক্ষণ শুরু হয়েছে।

দুই দিনব্যাপী অর্থাৎ ৪ ও ৫ ফেব্রুয়ারী এই প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন।

প্রশিক্ষণে স্বাগত বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তরের জেলা প্রতিনিধি তোজাম্মেল আযম।

প্রশিক্ষণে প্রথম পর্বে “জুলাই অভ্যুত্থান পরবর্তী গণভোট ও জাতীয় সংসদ নির্বাচন ও এআই ভেরিফিকেশন টুলস এবং ইনফরমেশন ইন্টপগ্রিটি বিষয়ে প্রশিক্ষণ পরিচালনা করেন সাংবাদিক ও ইউল্যাব এর নাজিয়া আফরিন মনামী। প্রশিক্ষণে স্বাগত বক্তব্য রাখেন, পিআইবির প্রশিক্ষক ও প্রশিক্ষণের সমন্বয়ক সাহানোয়ার সাইদ শাহীন।

আলমডাঙ্গা ভাংবাড়িয়া ইউপির ৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক গনির আর নেই

আলমডাঙ্গা ভাংবাড়ীয়া ইউনিয়ন ৩ নং ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক উসমান গনির ইন্তেকাল করেছেন।

দীর্ঘদিন অসুস্থ থাকার পর কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তাঁর মৃত্যুর খবর শুনে শোকাহত পরিবারের পাশে ছুটে এলেন শরীফুজ্জামান শরীফ।

আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়ন ৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক উসমান গনি দীর্ঘদিন বিভিন্ন রোগে আক্রান্ত থাকার পর গতকাল মঙ্গলবার বিকেল ৪ টার দিকে কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তার বয়স ছিল আনুমানিক ৬০ বছর।

তিনি মৃত্যুকালে স্ত্রী, এক ছেলে, এক মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। তার মৃত্যুর সংবাদে শোকাহত পরিবারের পাশে দাঁড়াতে চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও বিএনপি মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী শরীফুজ্জামান শরীফ নগরবোয়ালিয়ায় ছুটে আসেন।

তিনি মরহুমের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেন, তাদের খোঁজখবর নেন এবং গভীর শোক প্রকাশ করেন।

মরহুমের দাফন কার্য সম্পন্ন হয় রাত ৯ টার দিকে নগরবোয়ালিয়া কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে।

জানাজার নামাজ শেষে মরহুমকে কেন্দ্রীয় কবরস্থানে দাফন করা হয়। পরে মরহুমের আত্মার শান্তি কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গায় মৎস্য ব্যাবসায়ী সমিতির উদ্যোগে দোয়ার অনুষ্ঠান

আলমডাঙ্গা মৎস্য ব্যাবসায়ী সমিতির আয়োজনে দোয়ার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বাদ আসর মৎস্য ব্যাবসায়ী রনির অকাল মৃত্যুতে গভীর ভাবে শোক প্রকাশ করে এই দোয়ার অনুষ্ঠান সম্পন্ন হয়।

দোয়ার অনুষ্ঠানে আলমডাঙ্গা মৎস্য ব্যাবসায়ী সমিতির সভাপতি সোহরাব মুন্সীর সভাপতিত্বে প্রধান মেহমান ছিলেন, আলমডাঙ্গার পেশ ইমাম হাফেজ সজীব আহমেদ।

এছাড়াও উপস্থিত ছিলেন, নওয়াব আলি, আমজাদ হোসেন, শহীদ ফকির, মীর শফিকুল ইসলাম, আমিরুল ইসলাম মন্টু, মইনোদ্দিন, কায়েশ আলি, মজিবর রহমান মন্ডল, সুজন আলি, শামিম, হিটু, মোসেরেফ হোসেন, সাবু, মসলা, শহিদুল ইসলাম, তারিকুল ইসলাম, আজাদ, রোকন, ছালাম, আশরাফ প্রমুখ।

চুয়াডাঙ্গায় বেগম খালেদা জিয়ার আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল

সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার আত্মার মাগফিরাত কামনায় চুয়াডাঙ্গা পৌর এলাকায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বাদ আসর চুয়াডাঙ্গা পৌর এলাকার টিএনটি সংলগ্ন ৯নং ওয়ার্ডের আরমপাড়া এলাকায় এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র অ্যাডভোকেট ওহিদুজ্জামান মুকুল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা-১ আসনের ধানের শীর্ষের মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাচনী সমন্বয়ক অ্যাডভোকেট ওহিদুজ্জামান বুলু, খন্দকার আব্দুল জব্বার সোনা, শফিকুল ইসলাম পিন্টু, সিরাজুল ইসলাম মনি,মাহমুদুল হক পল্টু, মন্সি মোহাম্মদ আওরঙ্গজেব বেল্টু, শহিদুল হক বিশ্বাস, সেলিমুজ্জামান সেলিম, মফিজুর রহমান মনা, বদররুদ্দিন বাদল, ইয়াছিন আরাফাত কাকন, শেফালী খাতুন, আবু বক্কর সিদ্দীক বকুল, ওহিদুল ইসলাম, আহসান সহ বিএনপি নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া মাহফিলে বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার শান্তি ও মাগফিরাত কামনার পাশাপাশি দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং কল্যাণ কামনা করা হয়।